**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-07-2025**
**Time: 07:52-08:00 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন-কি-বাত অনুষ্ঠানে গর্ব প্রকাশ করেছেন যে একবিংশ শতাব্দীর ভারতে বিজ্ঞান পুণর্নবীকরণযোগ্য শক্তির সঙ্গে এগিয়ে চলেছে ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুলাই ভার্চুয়ালভাবে রাজ্যের ৬টি উপজাতি ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।**

**(৩) জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, বর্তমান সরকার শিক্ষার মানোন্নয়নে একনিষ্ঠভাবে কাজ করে চলেছে।**

********************************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন-কি-বাত অনুষ্ঠানে গর্ব প্রকাশ করেছেন যে একবিংশ শতাব্দীর ভারতে বিজ্ঞান পুণর্নবীকরণযোগ্য শক্তির সঙ্গে এগিয়ে চলেছে। তিনি ভারতীয় বিমান বাহিনীর গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লার মহাকাশ থেকে প্রত্যাবর্তনের কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী স্মরণ করেন যে ২০২৩ সালের আগস্টে চন্দ্রযান-৩-এর সফল অবতরণ দেশে এক নতুন পরিবেশ তৈরি করেছিল। তিনি বলেন যে শিশুরা বিজ্ঞান এবং মহাকাশ সম্পর্কে কৌতূহল দেখাতে শুরু করে, মহাকাশ বিজ্ঞানী হওয়ার উচ্চাকাঙ্ক্ষা তৈরি করে। শ্রী মোদী শিশুদের মধ্যে উদ্ভাবনকে উৎসাহিত করার জন্য একটি অভিযান, ইন্সপায়ার-মানক অভিযানের কথা তুলে ধরেন।

#######Byte-PM######

তিনি দেশে মহাকাশ স্টার্ট-আপের দ্রুত বৃদ্ধির কথাও উল্লেখ করেন, উল্লেখ করেন যে পাঁচ বছর আগে মহাকাশ ক্ষেত্রে ৫০টিরও কম স্টার্ট-আপ ছিল এবং এখন এই সংখ্যা ২০০-এরও বেশি।

প্রধানমন্ত্রী আগামী ২৩শে আগস্ট অনুষ্ঠেয় জাতীয় ক্রীড়া দিবস কীভাবে উদযাপন করা যায় সে সম্পর্কে NaMo অ্যাপে ধারণা ভাগ করে নেওয়ার আহ্বান জানিয়েছেন। শ্রী মোদী এই মাসের শুরুতে দুবাইতে অনুষ্ঠিত আন্তর্জাতিক রসায়ন অলিম্পিয়াডে পদক জিতে জাতির জন্য গৌরব বয়ে আনা ভারতীয় শিক্ষার্থীদের প্রশংসা করেছেন।

তিনি বলেন যে ভারত এখন অলিম্পিক এবং অলিম্পিয়াড উভয় ক্ষেত্রেই এগিয়ে যাচ্ছে।

প্রধানমন্ত্রী গর্বের সঙ্গে বলেন যে ইউনেস্কো ১২টি মারাঠা দুর্গকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতি দিয়েছে। তিনি জনগণকে এই দুর্গগুলি পরিদর্শন করার এবং তাদের ইতিহাস সম্পর্কে জানার আহ্বান জানান।

প্রধানমন্ত্রী মোদী স্বাধীনতা সংগ্রামী ক্ষুদিরাম বসুর সাহসিকতার কথা তুলে ধরে আগস্ট মাসকে বিপ্লবের মাস বলে অভিমত ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী বলেন যে ভারত অসংখ্য ত্যাগের মাধ্যমে স্বাধীনতা অর্জন করেছে এবং দেশপ্রেমিকরা তাদের রক্ত দিয়ে স্বাধীনতা আন্দোলনকে লালন করেছেন।

প্রধানমন্ত্রী ১লা আগস্ট লোকমান্য বাল গঙ্গাধর তিলকের মৃত্যুবার্ষিকী এবং ৮ আগস্ট মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারত ছাড়ো আন্দোলনের কথাও স্মরণ করেন। শ্রী মোদী ১৯০৫ সালের ৭ই আগস্ট শুরু হওয়া স্বদেশী আন্দোলনের কথাও বলেন। তিনি উল্লেখ করেন যে এই আন্দোলন স্থানীয় পণ্য, বিশেষ করে তাঁত শিল্পে নতুন শক্তি জুগিয়েছিল। তিনি মন্তব্য করেন যে বস্ত্র ক্ষেত্র দেশের একটি প্রধান শক্তি হয়ে উঠেছে।

শ্রী মোদী বলেন যে ২০৪৭ সালে উন্নত ভারতের পথ স্বনির্ভরতার পথ এবং আত্মনির্ভর ভারতের ভিত্তি ভোকাল ফর লোকালের মধ্যে নিহিত।

শ্রী মোদী বলেন যে উৎসব এবং ঐতিহ্য ভারতীয় সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ এবং  এই অসাধারণ ঐতিহ্য সংরক্ষণ করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।

তিনি বলেন "জ্ঞান ভারতম মিশন" নামে একটি ঐতিহাসিক উদ্যোগের মাধ্যমে প্রাচীন পাণ্ডুলিপিগুলিকে ডিজিটালাইজ করা হবে এবং একটি জাতীয় ডিজিটাল সংগ্রহস্থল তৈরি করা হবে।

শ্রী মোদী আসামের কাজিরাঙ্গা জাতীয় উদ্যানে প্রথমবারের মতো পরিচালিত তৃণভূমি পাখি শুমারির কথাও তুলে ধরেন।

শ্রী মোদী সন্তোষের সঙ্গে উল্লেখ করেন যে স্বচ্ছ ভারত মিশন শীঘ্রই ১১ বছর পূর্ণ করবে। তিনি উল্লেখ করেন যে এটি একটি গণআন্দোলনে পরিণত হয়েছে।

তিনি অরুণাচল প্রদেশের রোয়িং শহরে গ্রিন রোয়িং ইনিশিয়েটিভেরয উল্লেখ করে বলেন, সেখানে পুনর্ব্যবহৃত বর্জ্য থেকে একটি সম্পূর্ণ পার্ক তৈরি করা হয়েছে।

প্রধানমন্ত্রী হরিয়ালি তীজ উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

**************************

**Maan Ki Baat-State :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ মজলিশপুর মন্ডলের অন্তর্গত ৫৮ নম্বর বুথের জয়নগর ১ নম্বর অঙ্গনওয়াড়ী কেন্দ্রে উপস্থিত জনগণের সঙ্গে  'মন কি বাত' অনুষ্ঠান শোনেন। উপস্থিত ছিলেন পর্যটন ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

সাংসদ বিপ্লব কুমার দেব রামনগর বিধানসভা অন্তর্গত জয়পুর বর্ডার গোল চক্কর এলাকার বিজেপি কার্যকর্তা দের সঙ্গে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনেন। সঙ্গে ছিলেন আগরতলার পুর নিগমের মেয়র দীপক মজুমদার, প্রদেশ বিজেপির সহ-সভাপতি পাপিয়া দত্ত সহ  কর্পোরেটর ও অন্যান্য কার্যকর্তা।

বিধায়ক ভগবান চন্দ্র দাস রামনগর বিধানসভা এলাকায় মন কি বাত অনুষ্ঠান শোনেন।

কারামন্ত্রী শান্তনা চাকমা পেঁচারথল বিধানসভা কেন্দ্রের কামদেবছড়া এলাকায়, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস ফটিকরায়ের রাতাছড়াতে মন কি বাত শোনেন। শ্রমমন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের চিনিবাগানে এই অনুষ্ঠান শুনেন।

উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা সিমনা মন্ডল কার্যালয়ে মন-কি-বাত অনুষ্ঠানে শোনেন।

****************************

**Sukla Charan Noatia :**

পিএম জনমন প্রকল্পে শান্তিরবাজার মহকুমার ৪টি বিদ্যালয়ে ৬টি উপজাতি ছাত্রাবাস তৈরি করা হবে। আগামী ২৯শে জুলাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালভাবে ছাত্রাবাসগুলির ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

*******************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, শিক্ষা হল উন্নত সমাজ গঠনের ভিত্তিপ্রস্তর, আর সেই লক্ষ্যেই বর্তমান সরকার শিক্ষার মানোন্নয়নে একনিষ্ঠভাবে কাজ করে চলেছে। বিশেষ করে জনজাতি অধ্যুষিত এলাকা গুলিতে শিক্ষার মানচিত্র পাল্টে দেওয়ার সংকল্প নিয়ে ধারাবাহিক পদক্ষেপ গ্রহণ করছে জনজাতি কল্যাণ দপ্তর। আজ সিমনা বিধানসভা কেন্দ্রের সুরেন্দ্রনগর ও আখলিয়াছড়া জনজাতি ছাত্রী নিবাস এবং বামুটিয়া বিধানসভা কেন্দ্রের কাতলামারা জনজাতি ছাত্রাবাস পরিদর্শন করে একথা বলেন তিনি।

*************************

**PM, Tamilnadu :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে রাজারাজা চোল এবং রাজেন্দ্র চোলের উত্তরাধিকার ভারতের পরিচয় এবং গর্বের সমার্থক, এবং তাদের কার্যকলাপ "এক ভারত, শ্রেষ্ঠ ভারতের" একটি পবিত্র প্রচেষ্টার প্রতীক। আজ তামিলনাড়ুর গঙ্গাইকোন্ডা চোলাপুরমে সংস্কৃতি মন্ত্রক আয়োজিত আদি তিরুবতীরাই উৎসবের সমাপনী অনুষ্ঠানে তিনি জনসাধারণের উদ্দেশ্যে ভাষণ দিচ্ছিলেন।

প্রধানমন্ত্রী মোদী ভারতের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট প্রথম রাজেন্দ্র চোলার সম্মানে একটি স্মারক মুদ্রাও প্রকাশ করেন।

****************************

**Bicycle Rally :**

ভারত সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের উদ্যোগে এবং উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন ও মাই ভারত উত্তর ত্রিপুরার ব্যবস্থাপনায়, উদ্ভাবনী সামাজিক সংস্থার সহযোগিতায় "কারগিল বিজয় দিবস " উপলক্ষে "নেশা মুক্ত ত্রিপুরা" গড়ার লক্ষ্য নিয়ে আজ সকালে ধর্মনগর বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে এক সাইকেল র‍্যালি অনুষ্ঠিত হয়। সূচনা করেন BSF এর অ্যাসিস্ট্যান্ট কমান্ডেন্ট দেবেন্দ্র কুমার বর্মা। উপস্থিত ছিলেন ধর্মনগরের ডিসিএম জিনিয়াস দেববর্মা, জেলার ক্রীড়া দপ্তরের উপ-অধিকর্তা বিভাবসু গোস্বামী প্রমুখ।

****************************

**APJ Abdul Kalam :**

প্রাক্তন রাষ্ট্রপতি এবং প্রখ্যাত বিজ্ঞানী মিসাইল ম্যান ডঃ এপিজে আব্দুল কালামের মৃত্যুবার্ষিকীতে দেশ আজ তাঁকে শ্রদ্ধা জানাচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাক্তন রাষ্ট্রপতির মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন।

*****************************

**Dr A P J Abdul Kalam :**

ডঃ এ.পি.জে আব্দুল কালামের মৃত্যুবার্ষিকী উপলক্ষে উদয়পুর মহকুমার ছাতারিয়া এলাকায় জালাল খেদমত আল ইনসান ফাউন্ডেশনের অফিস কক্ষের সামনে ডঃ এ.পি.জে. আব্দুল কালামের মর্মর মূর্তির পাদদেশে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মর্মর মূর্তিতে মাল্য দান করেন ফাউন্ডেসনের চেয়ারম্যান জালাল মিঞা, সভাপতি রাখাল দত্ত, নিশাদ মিঞা, সম্পাদিকা সোনিয়া বেগম প্রমুখ। এই অনুষ্ঠানে ১২ জন অসহায় মানুষকে চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান করা হয়।

**************************

**Run For Hope-Bishalgarh :**

বিধায়ক সুশান্ত দেব বলেছেন যুব সমাজকে নেশা থেকে সরিয়ে এনে গোটা রাজ্যকে নেশামুক্ত করাই রাজ্য সরকারের মূল উদ্দেশ্য।

আজ নেশামুক্ত বিশালগড় গড়ার আহ্বানে স্থানীয় মহকুমা প্রশাসন আয়োজিত "Run For Hope" নামের ম্যারাথনে অংশ নিয়ে একথা বলেন তিনি। এই ম্যারাথনে সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজয় দেববর্মা, মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী, মহকুমা পুলিশ আধিকারিক দুলাল দত্ত প্রমুখ অংশ নেন।

************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। আদ্রতা সর্বোচ্চ ৯৭ শতাংশ এবং সর্বনিম্ন ৬৯ শতাংশ। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১.৮ মিলিমিটার।

***************************